

৪০টি হাদিস নিয়ে শিশুদের জন্য শিক্ষণীয় গল্প

(আরবি, উচ্চারণ, অর্থ)

# একটি হাদিস একটি গল্প

খণ্ড ১

সালাহউদ্দীন জাহাঙ্গীর

# একটি হাদিস একটি গল্প

৪০টি হাদিস নিয়ে শিশুদের জন্য শিক্ষণীয় গল্প

(আরবি, উচ্চারণ, অর্থ)

খণ্ড ২

সালাহউদ্দীন জাহাঙ্গীর





খণ্ড ৩

# একটি হাদিস একটি গল্প

৪০টি হাদিস নিয়ে শিশুদের জন্য শিক্ষণীয় গল্প

(আরবি, উচ্চারণ, অর্থ)

সালাহউদ্দীন জাহাঙ্গীর

# একটি হাদিস
# একটি গল্প

৪০টি হাদিস নিয়ে শিশুদের জন্য শিক্ষণীয় গল্প

(আরবি, উচ্চারণ, অর্থ)

খণ্ড
৪

সালাহউদ্দীন জাহাঙ্গীর



# একটি হাদিস একটি গল্প

৪০টি হাদিস নিয়ে শিশুদের জন্য শিক্ষণীয় গল্প

(আরবি, উচ্চারণ, অর্থ)

খণ্ড
৫

সালাহউদ্দীন জাহাঙ্গীর



খণ্ড ১

একটি হাদিস একটি গল্প
লেখক : সালাহউদ্দীন জাহাঙ্গীর

EKTI HADITH EKTI GOLPO
(ONE HADITH ONE STORY)
By Salahuddin Jahangir

প্রথম প্রকাশ : ফেব্রুয়ারি ২০২৩
লেখক সালাহউদ্দীন জাহাঙ্গীর কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত
প্রচ্ছদ ও অলঙ্করণ : কারুকাজ

প্রকাশক : তারুণ্য প্রকাশন
দোকান ১৩, ২য় তলা, ইসলামী টাওয়ার
১১/১ বাংলাবাজার, ঢাকা ১১০০
০১৯৭৯ ৪৫৬৭২১, ০১৯৭৯ ৪৫৬৭২২

মূল্য : ১২০ (এক শ বিশ) টাকা মাত্র
Price : BDT 120   US$ 3.00

كَفٰى بِالْمَرْءِ كَذِبًا أَنْ يُّحَدِّثَ بِكُلِّ مَا سَمِعَ

**উচ্চারণ : কাফা বিলমারয়ি কাযিবান আয়্যুহাদ্দিসা বিকুল্লি মা সামিআ**

**অর্থ : (নবীজি বলেছেন) যা শোনে তা-ই যে বলে দেয়, তার মিথ্যাবাদী হওয়ার জন্য এটাই যথেষ্ট।**

(তিরমিজি শরিফের হাদিস)

## গুজব ছড়াবে না

মারয়্যাম দৌড়ে ক্লাসরুমে ঢুকে বলল, ‘আজকে আর ক্লাস হবে না, আজকে ছুটি!’

ক্লাসের সবাই হই হই করে উঠল। তারা বই-খাতা আর ব্যাগ গুছাতে লাগল। কী মজা, আজ আর ক্লাস হবে না।

এমন সময় নুরজাহান ম্যাডাম ক্লাসে ঢুকলেন। সবাইকে ব্যাগ গুছাতে দেখে বললেন, ‘কী ব্যাপার, তোমরা কোথায় যাচ্ছো?’

ক্লাস ক্যাপ্টেন সাব্বির বলল, ‘আজ নাকি আর ক্লাস হবে না!’

ম্যাডাম বললেন, ‘কে বলেছে এ কথা?’

সাব্বির বলল, ‘মারয়্যাম বলেছে।’

ম্যাডাম মারয়্যামের দিকে তাকিয়ে জিজ্ঞেস করলেন, ‘মারয়্যাম, তুমি কার কাছ থেকে শুনেছো যে আজ ক্লাস হবে না?’





মারয়্যাম কাচুমাচু হয়ে বলল, ‘ক্লাস ফোরের ইসমাইল বলল আজ আর ক্লাস হবে না।’

ম্যাডাম বললেন, ‘তুমি জিজ্ঞেস করেছিলে ইসমাইলকে, কেন ক্লাস হবে না?’

মারয়্যাম ভয় পেয়ে বলল, ‘না ম্যাডাম।’

ম্যাডাম সবাইকে সিটে বসার নির্দেশ দিয়ে বললেন, ‘কোনো কথা শুনে সেটা সত্য-মিথ্যা যাচাই না করে আরেকজনকে বলা উচিত নয়। হতে পারে সেটা মিথ্যাকথা। তোমাকে কেউ কিছু বলল আর তুমি অমনি সেটা অন্যদের বলে দিলে, অথচ হতে পারে সেটা মিথ্যাকথা; তাহলে তুমিও মিথ্যাবাদী হয়ে গেলে। এ কারণে কোনো গুজবে কান দেবে না। সত্য-মিথ্যা যাচাই করে কথা বলবে। বুঝতে পেরেছো মারয়্যাম?’

মারয়্যাম মাথা নিচু করে বলল, ‘জি ম্যাম, আর কখনো সত্য না জেনে কথা বলব না।’



إِنَّ أَحَبَّكُمْ إِلَيَّ يَوْمَ الْقِيَامَةِ أَحَاسِنُكُمْ أَخْلَاقًا

**উচ্চারণ : ইন্না আহাব্বাকুম ইলায়্যা য়্যাওমাল কিয়ামাতি আহাসিনুকুম আখলাকান**

**অর্থ : (নবীজি বলেছেন) তোমাদের মধ্যে কিয়ামতের দিন আমার সবচেয়ে প্রিয় হবে সে, যার চরিত্র সবচেয়ে সুন্দর।**

(মাজমাউয যাওয়াদের হাদিস)

## সুন্দর চরিত্র

আজ স্কুলের বার্ষিক অনুষ্ঠান। অনুষ্ঠানে স্কুলের সব ছাত্র-ছাত্রী এসেছে। সবাই অনেক আনন্দ করেছে। মঞ্চে উঠে কেউ কুরআন তিলাওয়াত করেছে, কেউ কবিতা আবৃত্তি করেছে, কেউ গজল বা গান গেয়েছে, কেউবা আবার অভিনয় করেছে।

এখন সবাইকে পুরস্কার দেয়া হবে। একটা বড় টেবিলে পুরস্কারগুলো সাজিয়ে রাখা হয়েছে। তার মধ্যে একটা পুরস্কার সবচেয়ে বড়।

এমন সময় প্রধান শিক্ষক মাইকে বললেন, 'এখন পুরস্কার বিতরণ করা হবে। সবাই যার যার চেয়ারে বসে পড়ো।'

প্রধান শিক্ষক মাইকে নাম ডেকে ডেকে সবার হাতে পুরস্কার তুলে দিতে লাগলেন। কিন্তু বড় পুরস্কারটি কাউকে দিলেন না। সবাই ভাবতে লাগল, এত সুন্দর পুরস্কারটি কাকে দেয়া হবে?





সব শেষে প্রধান শিক্ষক মাইকে বললেন, 'সবাই ভাবছো, এই বড় পুরস্কারটি কাকে দেয়া হবে? তাই না? এ বড় পুরস্কারটি দেয়া হবে ক্লাস ফাইভের আবরারুল হককে।'

সবাই অবাক হয়ে গেল। কারণ আবরার তো কোনো প্রতিযোগিতায় অংশ নেয়নি। তাহলে তাকে কেন পুরস্কার দেয়া হবে?

প্রধান শিক্ষক বললেন, 'কারণ আবরার তোমাদের মধ্যে সবচেয়ে সুন্দর চরিত্রের অধিকারী। গত এক বছরে সে একদিনও ক্লাসে অনুপস্থিত ছিল না। সে পাঁচ ওয়াক্ত নামাজ পড়ে। কখনো মিথ্যা কথা বলে না। কাউকে গালি দেয় না, কারো সঙ্গে ঝগড়া করে না। সবসময় মা-বাবা ও শিক্ষকদের কথা মেনে চলে। পরীক্ষায় ফার্স্ট হতে না পারলেও চরিত্রের দিক দিয়ে সে সবার চেয়ে ভালো। তাই এ মূল্যবান পুরস্কারটি তাকেই দেয়া হবে। আবরার, তুমি মঞ্চে উঠে আসো।'

আবরার লজ্জা পেয়ে মঞ্চে উঠে এলো। প্রধান শিক্ষক তার হাতে পুরস্কারটি তুলে দিলেন এবং তার জন্য অনেক দোয়া করলেন।

